



হোয়াইট হাউসে শি জিনপিংকে আমন্ত্রণ জানালেন ট্রাম্প



শি জিনপিং ও ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

চীন সফরে গিয়ে দেশটির প্রেসিডেন্ট শি জিনপিংকে যুক্তরাষ্ট্র সফরের আমন্ত্রণ জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বেইজিংয়ে বৃহস্পতিবার (১৪ মে) অনুষ্ঠিত বৈঠকে তিনি শিকে হোয়াইট হাউসে আসার আহ্বান জানান।

সংবাদমাধ্যম আলজাজিরার এক প্রতিবেদনে বলা হয়েছে, সম্ভাব্য এই বৈঠকের জন্য আগামী ২৪ সেপ্টেম্বরের তারিখ প্রস্তাব করেছেন ট্রাম্প। একই সঙ্গে সফরে অংশ নিতে চীনের ফাস্ট লেডি পেং লিইউয়ানকেও বিশেষভাবে আমন্ত্রণ জানান তিনি।

রাষ্ট্রীয় সফরের অংশ হিসেবে শি জিনপিং আয়োজিত এক নৈশভোজে অংশ নিয়ে ট্রাম্প দুই দেশের দীর্ঘদিনের সম্পর্কের কথা তুলে ধরেন। তিনি বলেন, যুক্তরাষ্ট্র ও চীনের সম্পর্ক বহু পুরোনো এবং এই বন্ধুত্ব ভবিষ্যতেও আরও শক্তিশালী হবে।

শি জিনপিংকে 'বন্ধু' হিসেবে উল্লেখ করে ট্রাম্প বলেন, আমেরিকার গুরুত্ব দিকের ব্যবসায়ীরা যখন বাণিজ্যের জন্য চীনে যেতেন, তখন চীনারা তাদের 'নতুন মানুষ' নামে ডাকত।

এসময় ট্রাম্প আরও বলেন, বর্তমান বিশ্ব রাজনীতিতে যুক্তরাষ্ট্র ও চীনের সম্পর্ক অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং বৈশ্বিক প্রভাবের দিক থেকেও তা বিশেষ তাৎপর্য বহন করে।